

# **Subject: Sociology**

Semester IV Generic Elective/DSC 04  
Methods of Sociological Enquiry

## **Unit: 2 : Methodological Perspectives**

**তুলনামূলক পদ্ধতি সম্পর্কে যা জান লেখ ?**

অথবা

**সমাজতত্ত্বে তুলনামূলক পদ্ধতি গুরুত্ব আলোচনা কর ?**

**সংজ্ঞা, পরিধি এবং ঘোষিকতা :** তুলনামূলক সমাজতত্ত্ব হল এমন একটি ক্ষেত্র যা দুই বা ততোধিক সমাজে বিভিন্ন সামাজিক ঘটনাগুলির মধ্যে সুসংবন্ধ তুলনা করে। এই পদ্ধতি অনুযায়ী দুটি সমাজের মধ্যে তুলনা একটি আবশ্যিক উপাদান। সমাজের অভ্যন্তরস্থ তুলনা দুটি সমাজের তুলনা করার সময় একই সাথে করা হতে পারে আবার নাও হতে পারে। তবে সমাজের অভ্যন্তরস্থ বিষয়ের তুলনা এই পদ্ধতির অন্তর্ভুক্ত নয়। তুলনামূলক অন্তর্ভুক্ত করে; যেমন— সর্বাঙ্গীন (holistic), বর্ণনামূলক (descriptive), বিশ্লেষণী ইত্যাদি। যখন দুটি সমাজের মধ্যে তুলনা করা হয় তখন মূলত সমগ্র সমাজের উপব্যবস্থাগুলির মধ্যে তুলনামূলক আলোচনা করা হয় যা সামাজিক, মনস্তাত্ত্বিক এবং সামাজিক ন্তাত্ত্বিক অধ্যয়নের ক্ষেত্রে ব্যবহৃত হয়। এক্ষেত্রে দুটি বা ততোধিক সমাজ থেকে সংগৃহীত তথ্যের তুলনামূলক আলোচনা করা হয়।

সমালোচকদের অনেকেরই মতে দুটি সমাজের তুলনা করা বা দুই বা ততোধিক সমাজ থেকে তথ্য সংগ্রহ করার বিষয়টি নিয়ে একটি আলাদা ক্ষেত্র নির্মাণের কোনও প্রয়োজন নেই। বর্তমানে মনোভাব তত্ত্ব বা সাংগঠনিক তত্ত্ব সব কিছুই বিশ্বের একটি ছোট প্রান্তে বসেই হয় এবং এই তত্ত্ব গঠনের সময় খুব কম ক্ষেত্রেই আধুনিক আমেরিকীয় সমাজের বাইরে গিয়ে অথবা পশ্চিমী সমাজগুলোর বাইরে গিয়ে তথ্য সংগ্রহ করা হয়। সুতরাং এই তত্ত্বগুলি যে সমস্ত প্রস্তাবনা বা প্রকল্প গঠন করে তার বিশ্বজনীনতা নিয়েও যথেষ্ট প্রশ্ন উৎপাদিত হতে পারে। সুতরাং বিশ্বজনীনতা প্রমাণের ঘোষিকতাতেই তুলনামূলক সমাজতত্ত্ব দুই বা ততোধিক সমাজের থেকে তথ্য সংগ্রহ করে সেগুলির তুলনামূলক আলোচনার পক্ষপাতী।

তুলনামূলক পদ্ধতিটি বেশ কিছু সমাজতাত্ত্বিক ক্ষেত্রে আলোচনা করা যায়। উনবিংশ শতকে বহু গবেষণায় তুলনামূলক পদ্ধতির ব্যবহার দেখতে পাওয়া যায়। এই পদ্ধতির সঙ্গে আবার বর্তমানে ব্যবহৃত তুলনামূলক পদ্ধতির কিন্তু মৌলিক পার্থক্য আছে। প্রথমত, বর্তমানে ব্যবহৃত তুলনামূলক সমাজতত্ত্বকে উনবিংশ শতকের ব্যবহৃত তুলনামূলক পদ্ধতির পুনর্নির্মাণ বলা হয়। কোঁত, স্পেনসার, স্ট্রেজার, ওয়েস্টারমার্ক প্রভৃতি সমাজতাত্ত্বিকগণ সে বিবর্তনবাদী তত্ত্ব প্রবর্তন করেছিলেন তার মধ্যেই তুলনামূলক পদ্ধতি নিহিত থাকতে দেখা যায়। কিন্তু বর্তমান তুলনামূলক পদ্ধতি বহু আংশিক দ্বন্দ্ববাদী তত্ত্বের বৈসাদৃশ্যমূলক অন্তর্ভুক্তি ঘটায়। দ্বিতীয়ত, বর্তমানে তুলনামূলক পদ্ধতি পদ্ধতিবিদ্যাগতভাবে অনেক উন্নত। উনবিংশ শতকে প্রাচীন সমাজের থেকে প্রাপ্ত তথ্যের সঙ্গে আধুনিক সমাজের প্রাপ্ত তথ্যের তুলনামূলক আলোচনা বিবর্তনের তত্ত্বের বিভিন্ন পর্যায়ক্রমিক আলোচনায় দেখতে পাওয়া যায়। বর্তমানে এই পদ্ধতি বহু ধরণের নমুনাচয়ন পদ্ধতি, পরিসংখ্যান পদ্ধতি, Case Study প্রভৃতি করে থাকে। তৃতীয়ত, White, Parsons প্রভৃতি বিবর্তনবাদীদের তুলনামূলক পদ্ধতিতে গুরুত্বপূর্ণ অবদান দেখতে পাওয়া যায়। তুলনামূলক পদ্ধতি অনুসারী বহু তাত্ত্বিক বর্তমানে scale analysis, factor analysis সহ বহু গাণিতিক পদ্ধতি এবং আধুনিক পরিসংখ্যান পদ্ধতি ব্যবহার করে সামাজিক গবেষণাকে সমৃদ্ধ করেছেন।

বর্তমান তুলনামূলক পদ্ধতির একটি অন্যতম উদাহরণ হল মাতৃতাত্ত্বিক ও